# বন্ধন সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ

নিবন্ধন নং-০০৬১, তারিখঃ ১০/০৬/২০15 খ্রিঃ

গ্রামঃ চর তিল্লী, পোঃ চর তিল্লী, উপজেলাঃ সাটুরিয়া, জেলাঃ মানিকগঞ্জ।

স্মারক নং-

তারিখঃ ১৯/০১/২০২৩খ্রিঃ।

## বিশেষ সাধারণ সভা ও নির্বাচন বিজ্ঞপ্তি/২০২৩

এতদ্বারা বন্ধন সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ এর সকল সাধারণ সদস্যগণের অবগতির জন্য জানান যাচ্ছে যে, সমিতির ব্যবস্থাপনা কমিটির ১৯/০১/২০২৩খ্রিঃ তারিখের সিদ্ধান্তানুযায়ী আগামী ২২/০৩/২০২৩খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ০৯.০০ ঘটিকা হতে নির্বাচনী বিশেষ সাধারণ সভা ও বেলা ১০.০০ঘটিকা হতে সমিতির ব্যবস্থাপনা কমিটির র্নিবাচন সমিতির কার্যালয়ে অনুষ্ঠিত হবে। সমিতির অনুষ্ঠিতব্য ব্যবস্থাপনা কমিটির নির্বাচন উপলক্ষে খসড়া ভোটার তালিকা এতদসঙ্গে প্রেরণ/প্রকাশ করা হলো। প্রেরিত/ প্রকাশিত খসড়া ভোটার তালিকার উপর কারও কোন প্রকার আপত্তি থাকলে আগামী ০৪/০২/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট আপত্তি দাখিল করতে অনুরোধ করা হলো। অন্যথায় প্রেরিত/প্রকাশিত খসড়া ভোটার তালিকা চূড়ান্ত বলে গণ্য হবে। উল্লেখ্য যে, সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে সভাপতি পদে ০১ জন, সহ-সভাপতি পদে ০১ জন, সম্পাদক পদে ০১ জন, যুগ্ম সম্পাদক পদে -০১ জন, কোষাধ্যক্ষ পদে ০১ জন ও সদস্য পদে ০১ জন মোট ০৬ জন সমিতির সকল সদস্যগণের সরাসরি ভোটে নির্বাচিত হবে।

সমিতির উক্ত বিশেষ সাধারণ সভা ও নির্বাচনে অংশগ্রহন ও সার্বিক সহযোগিতার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিঃদ্রঃ নির্বাচন বিষয়ে প্রয়োজনীয় তথ্য সমিতির নির্বাচন কমিটির নিকট যথাসময়ে জানা যাবে।

সংযুক্তঃ খসড়া ভোটার তালিকা ০১ প্রস্থ (. . . . . পাতার)।

বাবুল হোসেন

সভাপতি

অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি

বন্ধন সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ

চরতিল্লী, সাটুরিয়া, মানিকগঞ্জ।

মোবাইল নং -

স্মারক নং -

তারিখঃ ১৯/০১/২০২৩খ্রিঃ।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। জনাব . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .সদস্য, বন্ধন সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ।

২। উপজেলা সমবায় কর্মকর্তা, সাটুরিয়া, মানিকগঞ্জ।

৩। জেলা সমবায় কর্মকর্তা, মানিকগঞ্জ।

সভাপতি

অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি

বন্ধন সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ

চরতিল্লী, সাটুরিয়া, মানিকগঞ্জ।

# বন্ধন সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ

নিবন্ধন নং-০০৬১, তারিখঃ ১০/০৬/২০১৫ খ্রিঃ

গ্রামঃ চর তিল্লী, পোঃ চর তিল্লী, উপজেলাঃ সাটুরিয়া, জেলাঃ মানিকগঞ্জ।

সূত্র ঃ X

তারিখ ঃ ১৬/০২/২০২৩খ্রিঃ।

এতদ্বারা বন্ধন সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ এর সম্মানিত সকল সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিগত ১৯/০১/২০২৩ খ্রিঃ তারিখে ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ২২/০৩/২০২৩ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে বিশেষ সাধারণ সভায় নির্বাচন অনুষ্ঠিত হইবে। নির্বাচনে মোট ০৬(ছয়) টি পদে সরাসরি অত্র সমিতির সদস্যদের ভোটের মাধ্যমে নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন পরিচালনার জন্য সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর ২৭ বিধি অনুযায়ী নিম্নোক্ত নির্বাচনী তফসিল ঘোষণা করা হলো। সকল সদস্যগণকে নির্বাচনে অংশ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

## "নির্বাচনী তফসিল"

| ক্র. নং | বিষয় | তারিখ | সময় | স্থান |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | মনোনয়ন পত্র সরবরাহ | ২০/০২/২৩<br>২১/০২/২৩ | সকাল ১১.০০ টা হইতে বিকাল ২.০০টা পর্যন্ত | সমিতির কার্যালয়ে নির্বাচন কমিটির নিকট হইতে। |
| ২। | মনোনয়ন পত্র দাখিল | ২৩/০২/২৩ | সকাল ১০.০০ টা হইতে বেলা ৩.০০টা পর্যন্ত | সমিতির কার্যালয়ে নির্বাচন কমিটির নিকট। |
| ৩। | মনোনয়ন পত্র বাছাই (প্রার্থীগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকে) | ২৫/০২/২৩ | সকাল ১১.০০ টা | সমিতির কার্যালয়। |
| ৪। | বৈধ/বাতিল প্রার্থীদের প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ | ২৬/০২/২৩ | সকাল ১১.০০ টা হতে বাছাই শেষে | সমিতির কার্যালয়। |
| ৫। | বৈধ/বাতিলকৃত মনোনয়ন পত্রের বিরুদ্ধে আপিল গ্রহণ | ২৭/০২/২৩<br>২৮/০২/২৩ | অফিস চলাকালীন সময়ে | জেলা সমবায় অফিসার, মানিকগঞ্জ এর নিকট। |
| ৬। | আপিলের শুনানী গ্রহণ ও রায় ঘোষনা | ০১/০৩/২৩,<br>০২/০৩/২৩,<br>০৫/০৩/২৩ | অফিস চলাকালীন সময়ে | জেলা সমবায় অফিসারের কার্যালয়, মানিকগঞ্জ। |
| ৭। | বৈধ প্রার্থীদের তালিকা প্রকাশ | ০৬/০৩/২৩ | সকাল ১১.০০টায় | সমিতির কার্যালয়। |
| ৮। | প্রার্থীত পদ প্রত্যাহার | ০৮/০৩/২৩ | সকাল ১০.০০টা হতে বেলা ১২.৩০টা পর্যন্ত | সমিতির কার্যালয়। |
| ০৯। | চুড়ান্ত বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ | ০৯/০৩/২৩ | বেলা ১.০০টা হতে | সমিতির কার্যালয়। |
| ১০। | একক প্রার্থীদের ক্ষেত্রে বিনা প্রতিদ্বন্দীতায় নির্বাচিত ঘোষনা (যদি থাকে) ও প্রতীক বরাদ্দ (প্রযোজ্য ক্ষেত্রে)। | ১০/০৩/২৩ | সকাল ১১.০০টা হতে | সমিতির কার্যালয়। |
| ১১। | ভোট গ্রহণ | ২২/০৩/২৩ | সকাল ১০.০০টা হতে বিকাল | সমিতির কার্যালয়। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | ৪.০০টা পর্যন্ত (বিরতিহীনভাবে) | |
| ১২। | ভোট গণনা ও ফলাফল | ২২/০৩/২৩ | ভোট গ্রহণ শেষে | সমিতির কার্যালয়। |

## প্রতীক সমূহ ঃ

| ক্রমিক নং | পদের নাম | প্রতীক সমূহ |
|---|---|---|
| ০১। | সভাপতি পদের জন্য | চেয়ার, আনারস, ছাতা । |
| ০২। | সহ-সভাপতি পদের জন্য | আম, উড়োজাহাজ, গোলাপ ফুল। |
| ০৩। | সম্পাদক পদের জন্য | মোরগ, হাতি, ঘোড়া। |
| ০৪। | যুগ্ম সম্পাদক | কলসি,টেবিল, চাকা। |
| ০৫। | কোষাধ্যক্ষ | মই, জানালা, বই। |
| ০৬। | সদস্য পদের জন্য | মাছ, হাত পাখা, কুড়াল। |

অধিকসংখ্যক প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করিলে নির্বাচন কমিটি কর্তৃক অতিরিক্ত প্রতীক বরাদ্দ করিবেন। একই প্রতীক একাধিক প্রার্থী দাবী করিলে নির্বাচন কমিটি লটারীর মাধ্যমে প্রতীক নির্ধারণ ও বরাদ্দ দেওয়া হইবে। **বন্ধন সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ** এর ব্যবস্থাপনা কমিটির নির্বাচন সুষ্ঠু ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের জন্য সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধিত/২০০২, সংশোধিত/২০১৩) এর ১৮,১৯,৩৬ ও ৩৭ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ২৪,২৫,২৭,২৮,২৯,৩০,৩১, ৩২, ৩৩,৩৪,৩৫,৩৬,৮৭ ও ৮৮ বিধি অনুযায়ী প্রার্থী ও ভোটারগণের যোগ্যতা থাকিতে হইবে। নিম্নে বর্ণিত শর্তাবলী সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য প্রদত্ত হইল।

## শর্তাবলী ঃ

০১। মনোনয়ন পত্রের সাথে প্রার্থীর ০১(এক) কপি পাসপোর্ট সাইজের ছবি ব্যবস্থাপনা কমিটির সভাপতি/অন্তবর্তীকালীন ব্যবস্থাপনা কমিটির সভাপতি কর্তৃক সত্যয়ন পূর্বক এবং মনোনয়ন পত্র নির্বাচন কমিটির সভাপতি কর্তৃক স্বাক্ষরিত ও উপজেলা সমবায় অফিসার, সাটুরিয়া / জেলা সমবায় অফিসার, মানিকগঞ্জ কর্তৃক ছবি ও মনোনয়ন পত্র প্রতিস্বাক্ষরিত হতে হবে।

০২। নির্বাচন প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণকে নির্ধারিত সময় সীমার মধ্যে নির্বাচন কমিটির সভাপতির স্বাক্ষর যুক্ত মনোনয়নপত্র সংগ্রহ করতে হবে।

০৩। ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত মনোনয়নপত্রের ফি" বন্ধন সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ" এর রশিদের মাধ্যমে জমা করতঃ রশিদের কপি মনোনয়নপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে।

০৪। দাখিলকৃত মনোনয়নপত্র অসম্পূর্ণ, কাটাকাটি, ঘষামাজা, ভুল কিংবা মিথ্যা তথ্য সম্বলিত হলে সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ২৮(১) বিধি অনুযায়ী মনোনয়নপত্র বাতিল করা হবে।

০৫। মনোনয়নপত্র যাচাই-বাছাই কালে সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ২৭(২) বিধি যথাযথভাবে অনুসরণ করা হবে।

০৬। চুড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশের পর প্রতীক বরাদ্দ করা হবে।

০৭। ভোটাধিকার প্রয়োগের ক্ষেত্রে সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত/২০০২, সংশোধিত/২০১৩) এর ৩৭ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ৮৮ বিধি অনুসরণ করতে হবে।

০৮। নির্বাচনী তফসিল মোতাবেক প্রার্থীতা প্রত্যাহারের পর কোন পদে ০১(এক) জন মাত্র বৈধ প্রার্থী থাকলে সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ৩২(১) বিধি মোতাবেক উক্ত প্রার্থীকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষণা করা হবে।

০৯। নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণ সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত/২০০২, সংশোধিত/২০১৩) এর ১৯ ধারা মোতাবেক যোগ্য হতে হবে এবং একই আইনের ১৮(৮) ধারা ও সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ২৪ বিধি অনুযায়ী নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার অযোগ্য হবেন।

১০। নির্বাচন পরিচালনার ক্ষেত্রে কোন জটিলতার সৃষ্টি হলে নির্বাচন কমিটির সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১১। নির্বাচন সংক্রান্ত কোন তথ্যের প্রয়োজন হলে নির্বাচন কমিটির সাথে যোগাযোগ করা যেতে পারে।

| | | |
|---|---|---|
| ~~মোঃ শরিফুল ইসলাম~~ | মোঃ ~~বাদশা মিয়া~~ | মোঃ ~~মহিদুর রহমান~~ |
| সদস্য | সদস্য | সভাপতি |
| নির্বাচন কমিটি/২০২৩ | নির্বাচন কমিটি/২০২৩ | নির্বাচন কমিটি/২০২৩ |
| বন্ধন সঞ্চয় ও ঋণদান | বন্ধন সঞ্চয় ও ঋণদান | বন্ধন সঞ্চয় ও ঋণদান |
| সমবায় সমিতি লিঃ | সমবায় সমিতি লিঃ | সমবায় সমিতি লিঃ |
| সদস্য নং- ১৬ | সদস্য নং- ০৮ | সদস্য নং- ১৪ |

স্মারক নং - তারিখ ঃ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

০১। জনাব ........................................................................................ সদস্য নির্বাচন কমিটি / ২০২৩, বন্ধন সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ , সাটুরিয়া, মানিকগঞ্জ।

০২। সভাপতি,অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি, বন্ধন সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ, সাটুরিয়া, মানিকগঞ্জ। তাকে নির্বাচন তফসীলটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

০৩। উপজেলা সমবায় অফিসার, সাটুরিয়া।

০৪। জেলা সমবায় অফিসার, মানিকগঞ্জ।

০৫। নোটিশ বোর্ড, বন্ধন সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ, সাটুরিয়া, মানিকগঞ্জ।

সভাপতি
নির্বাচন কমিটি/২০২৩
বন্ধন সঞ্চয় ও ঋণদান
সমবায় সমিতি লিঃ
সদস্য নং- ১৪